# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫৪২৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৬৫৫ তারিখ: ১৮-১১-২০২০

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৫-১১-২০২০ তারিখের আবেদন (আইডি- (২৯৫২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন মীর মোশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয় এর চলমান এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে জনাব মো: মিরাজুল ইসলাম একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, চলমান এডহক কমিটির সভাপতি জনাব মো: আলতাফ হোসেন হত্যা, ডাকাতি, চাঁদাবাজি, দখলবাজি, সন্ত্রাসী ও অপহরণ সহ নানা অপকর্মের কারণে ১৩ টি মামলার আসামী। এমতাবস্থায় জনাব মো: আলতাফ হোসেন দন্ডিত আসামী কিনা সে বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্তর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১১-২০২০
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৪২১-৬৮৬৩৪

জেলা শিক্ষা অফিসার
কুষ্টিয়া।

নথি নং-বিঅ-৬/৫৪২৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৬৫৫ (৫) তারিখ: ১৮-১১-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৩। প্রধান শিক্ষক, মীর মোশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়, এম এম হোসেন, কুমারখালী, কুষ্টিয়া।
৪। অভিযোগকারী, জনাব মো: মিরাজুল ইসলাম, লাহিনীপাড়া, এম এম হোসেন, কুমারখালী, কুষ্টিয়া।
৫। অফিস নথি।

১৮-১১-২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
যশোর।

**বিষয় ঃ অবৈধ এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রসঙ্গে।**

জনাব,

যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন মীর মোশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয় (১১৭৬৯৪), বিদ্যালয় কোডঃ ৫৪২৪ এর এডহক কমিটির বর্তমান অবৈধ সভাপতি জনাব মোঃ আলতাফ হোসেন, ৭৮-কুষ্টিয়া-৪ আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে পরামর্শ না করে প্রধান শিক্ষক মোঃ আব্দুল জলিল এবং এডহক কমিটির অবৈধ সভাপতি উভয়ের যোগসাজসে উপজেলা নির্বাহী অফিসার কুমারখালী কর্তৃক স্মারক নং- ০০.০০.৫০৭১.০০৮.০০.০৭৩.২০-৭৫৮ কে মিথ্যা তথ্য দিয়ে ভূয়া অভিভাবক সদস্য হিসেবে জনাব মোঃ শমসের আলী শেখ, পিং- আজিম উদ্দিন শেখ, সাং- লাহিনীপাড়া, কুমারখালী, কুষ্টিয়া কে মনোনয়ন দেয় এবং মনোনয় পত্র আপনার দপ্তরে ২৪/০৯/২০২০ খ্রি তারিখে প্রেরণ করেন। বর্তমান অবৈধ সভাপতি তিনি একজন জেলা পুলিশের তালিকাভুক্ত সন্ত্রাসি। কুষ্টিয়ার সমস্ত থানা সহ আশে পাশের জেলা রাজবাড়ী ও পাবনাতে তাহার নামে একাধিক মামলা রহিয়াছে। তাহার নেতৃত্বে এলাকায় একটি সন্ত্রাশি বাহিনী পরিচালিত হয়। **তাহার বিরুদ্ধে হত্যা, অপহরন, অস্ত্র, ডাকাতি, চাঁদাবাজী, দখলবাজি সহ ১৩টি মামলা আদালতে বিচারাধিন রহিয়াছে, যাহার পিসি এন্ড পিআর সংক্রান্ত পুলিশের সিডি এমএস কেস ডকেট সংযুক্ত করা হইল**। সে প্রকাশ্যে সামাজিক পরিচয়ের অন্তরালে একজন ভয়ঙ্কর সন্ত্রাসি হিসেবে এলাকায় পরিচিত। এলাকায় তার ভয়ে কেউ প্রকাশ্যে মুখ খুলতে পারেন না। বিভিন্ন টেলিভিশন এবং জাতীয় ও স্থানীয় পত্র/পত্রিকায় অসংখ্য বার তার বিরুদ্ধে সংবাদ প্রকাশিত হয়েছে যাহার কপি সংযুক্ত করা হইল। উক্ত অবৈধ সভাপতির বিরুদ্ধে অত্র প্রতিষ্ঠানে নিয়োগ বানিজ্যের অভিযোগ রহিয়াছে।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন উক্ত বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা পূর্বক ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান অমর কথা সাহিত্যিক বিষাদ সিন্ধুর রচয়িতা মীর মোশাররফ হোসেনের বাস্তু ভিটায় প্রতিষ্ঠিত মীর মোশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়টি রক্ষার জন্য অবৈধ এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার সদয় দৃষ্টি কামনা করছি।

বিনীত নিবেদক
এলাকা বাসীর পক্ষে

মোঃ মিরাজুল ইসলাম

(মোঃ মিরাজুল ইসলাম)
সাং-লাহিনীপাড়া, পোষ্ট- এম.এম. হোসেন
থানা- কুমারখালী, জেলা- কুষ্টিয়া।
মোবাঃ ০১৭১৭-৬৬৯৬৪২